



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) পক্ষ থেকে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়েছে।

রবিবার সকালে মহান স্মৃতিসৌধে বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এ শ্রদ্ধাঞ্জলি দেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মো. সেলিম ভূঁইয়া, ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান, বিভিন্ন দফতরের পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

এদিকে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকালে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনগুলোকে আলোকসজ্জায় সজ্জিত করা হয়।